সংবাদ

তারিখ ... 16 FEB 2016 ...
পৃষ্ঠা ...১-১৬ কলাম ...২...

বঙ্গবন্ধু মেডিকেল বিশ্ববিদ্যালয়

# ৫ ডাক্তারকে শোকজ তদন্ত শুরু

নিজস্ব বার্তা পরিবেশক

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের নির্যাতিত ও ক্ষুব্ধ ডাক্তাররা গতকাল নির্ধারিত সময়ের একঘণ্টা পরে কাজে যোগদান করেছেন। ২ জন ছাত্র ডাক্তারকে মারপিটকারী অভিযুক্ত ডাক্তারদের শাস্তির দাবিতে গতকাল চিকিৎসকরা সকালে কাজে যোগদান করেনি। পরে মেডিকেল ভার্সিটির ভিসি ও প্রো-ভিসি ঘটনাস্থলে গিয়ে দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার আশ্বাস দিলে তারা কাজে যোগদান করেন।

চিকিৎসকরা জানান, মেডিকেল ভার্সিটির অ্যানেসথেসিয়া, অ্যানালজেশিয়া অ্যান্ড ইনটেনসিভ কেয়ার মেডিসিন বিভাগে ২ জন ডাক্তার ছাত্রকে বিনাঅপরাধে মারপিট করা হয়েছে। এই ঘটনায় অভিযুক্ত ৫ ডাক্তারকে শোকজ করা হয়েছে। গতকাল এই শোকজ করা হয়। অন্যদিকে ২ ডাক্তারকে মারপিটের ঘটনায় গঠিত তদন্ত কমিটি গতকাল থেকে তাদের কাজ শুরু করেছেন।

অ্যানেথেসিয়া বিভাগের চেয়ারম্যান প্রফেসর ডা. দেবব্রত বণিক বলেন, মেডিকেল ভার্সিটির ইতিহাসে দুই ছাত্র ডাক্তারকে কর্মস্থলে নির্যাতন এই প্রথম। এ নিয়ে গতকালও অ্যানেসথেসিয়া বিভাগে ডাক্তারদের মধ্যে উত্তেজনা ছিল। পরে মেডিকেল ভার্সিটির ভিসি গিয়ে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি দেয়ার আশ্বাস দিয়েছেন। এরপর পরিস্থিতি শোকজ : পৃষ্ঠা : ২ ক : ৪

## শোকজ : ৫ ডাক্তারকে

(১৬ পৃষ্ঠার পর)

স্বাভাবিক হয়েছে। তদন্ত কমিটির প্রধান প্রফেসর ডা. কনককান্তি বড়ুয়া সংবাদকে জানান, তদন্ত কমিটি কাজ শুরু করেছেন। আজ অভিযুক্ত ডাক্তারদের জিজ্ঞাসাবাদ করে তাদের বক্তব্য নেয়া হবে। সবাইর সঙ্গে কথা বলে প্রকৃত ঘটনা উদঘাটন করে উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে রিপোর্ট পেশ করা হবে।